বিকল্প বিরোধ-নিস্পত্তি (এডিআর) ও গ্রাম আদালত সম্পর্কে আইন কমিশনের প্রশ্নমালা

সুধী,

বাংলাদেশ আইন কমিশন আদালতের উদ্যোগে গৃহীত বিকল্প বিরোধ-নিস্পত্তি যেমন, মধ্যস্থতার (Mediation/Conciliation) মাধ্যমে মামলার দ্রুত নিস্পত্তির জন্য বাস্তবসম্মত সুপারিশ প্রণয়নের কাজ হাতে নিয়েছে। এ বিষয়ে আপনার মূল্যবান মতামত, বিভিন্ন দেশের অভিজ্ঞতা ও প্রয়োজনীয় গবেষণার ভিত্তিতে কমিশন সুপারিশমালা প্রণয়ন ও তা সরকারের নিকট পেশ করবে। কমিশন আন্তরিকভাবে আশা করে আপনি এই প্রশ্নমালা পূরণের মাধ্যমে এ বিষয়ে অবদান রাখবেন।

আপনাকে আগাম ধন্যবাদ।

আপনার নাম,পেশা ও ঠিকানা ঃ --

আপনার উত্তরের ঘরে টিক √ চিহ্ন দিন

-ঃ প্রশ্নমালা ঃ-

১। আপনি কি মনে করেন আদালতের উদ্যোগে গৃহীত বিকল্প বিরোধ-নিস্পত্তি তথা মধ্যস্থতার (Mediation/ Conciliation) মাধ্যমে দেওয়ানী মামলা উল্লেখযোগ্যভাবে দ্রুত নিস্পত্তি করা সম্ভব?

☐ হ্যাঁ ☐ না

২। যদি আপনার উত্তর ‘হ্যাঁ’ সূচক হয় তাহলে দেওয়ানী কার্যবিধির ৮৯এ, ৮৯বি ও ৮৯সি এর ভিত্তিতে মধ্যস্থতা/সালিসি ব্যবস্থা কার্যকরভাবে ফলপ্রসূ না হবার মূল কারণ কি?

☐ পক্ষসমূহের অনীহা ☐ আইনজীবীদের অনীহা ☐ বিচারকদের উদ্যোগের অভাব

৩। আইনজীবীদের অনীহার ক্ষেত্রে মূল কারণ কি?

☐ তাদের উপার্জন কমে যাবার আশঙ্কা ☐ মধ্যস্থতায় নিস্পত্তির অনিশ্চয়তা ☐ নতুন যে কোন ব্যবস্থাকে ঝামেলা ও ঝুকিপূর্ণ মনে করা

৪। মামলার পক্ষসমূহের অনীহার মূল কারণ কি?

☐ প্রতিপক্ষকে পর্যুদস্ত করে মামলায় জয়লাভের প্রবল ইচ্ছা ও ক্ষমতা প্রদর্শন ☐ এ বিষয়ে আইনজীবী কর্তৃক প্রভাবান্বিত হওয়া

৫। বিচারকদের উদ্যোগের অভাবের মূল কারণ কি?

☐ গতানুগতিক বিচার পদ্ধতিতে অভ্যস্থতা ☐ এডিআর এ বাড়তি ঝামেলা মনে করা ☐ এডিআর-এর সুবিধা সম্পর্কে যথেষ্ট ধারণা না থাকা

৬। আপনি কি মনে করেন ন্যায়বিচারের ক্ষেত্রে মধ্যস্থতা বা আপোষের মহত্ত্ব ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে পর্যাপ্ত ধারণা প্রদান ও সচেতন করতে পারলে এ পদ্ধতি সফল হবে ?

☐ হ্যাঁ ☐ না

৭। মধ্যস্থতার সাফল্যের জন্য কি মধ্যস্থতাকারী (mediator) হিসাবে আলাদা পেশাজীবী গোষ্ঠী সৃষ্টির প্রয়োজন রয়েছে?

☐ হ্যাঁ ☐ না

৮। মধ্যস্থতাকারী হিসাবে কাজের জন্য আলাদা প্রশিক্ষণ কোর্স এবং ডিপ্লোমা/ সার্টিফিকেট ব্যবস্থা প্রবর্তনের প্রয়োজন আছে কি ?

☐ হ্যাঁ ☐ না

৯। কারা এই কোর্সে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবেন?

☐ শুধু আইনজীবী ☐ আইনশিক্ষায় ডিগ্রীপ্রাপ্ত ☐ যে কোন সাধারণ শিক্ষিত ব্যক্তি

১০। মধ্যস্থতাকারীর প্রশিক্ষণ ও সার্টিফিকেট প্রদানের জন্য আলাদা স্থায়ী প্রতিষ্ঠান গঠনের প্রয়োজন আছে কি?

☐ হ্যাঁ ☐ না

১১। মধ্যস্থতার মাধ্যমে বিরোধ-নিষ্পত্তির জন্য আলাদা কেন্দ্র স্থাপনের প্রয়োজন আছে কি, যেমনটি আছে অনেক বিদেশী রাষ্ট্রে ?

☐ হ্যাঁ ☐ না

১২। প্রশিক্ষণ ও সনদ প্রদান এবং মধ্যস্থতা কেন্দ্র একই প্রতিষ্ঠানের মাধ্যমে করা যায় কি-না ?

☐ হ্যাঁ ☐ না

১৩। একটি নির্দিষ্ট ব্যবস্থায় মধ্যস্থতাকারীর পর্যাপ্ত ফি ও উপার্জন নিশ্চিতকরণ কি এডিআর সাফল্যে বড় ভূমিকা রাখতে পারে ?

☐ হ্যাঁ ☐ না

১৪। আদালতের মাধ্যমে মধ্যস্থতা সংক্রান্ত বিদ্যমান আইনের সংশোধন বা আলাদা আইন প্রণয়নের প্রয়োজন আছে কি?

☐ হ্যাঁ ☐ না

১৫। বাধ্যতামূলকভাবে মধ্যস্থতায় প্রেরণ করার বিধান রাখা যায় কি-না, যা বর্তমান আইনে নাই?

☐ হ্যাঁ ☐ না

১৬। মধ্যস্থতায় শুধু বাধ্যতামূলক প্রেরণই নয়, নির্দিষ্ট সময়সীমার মধ্যে কিছু পদ্ধতি/প্রক্রিয়াগত কার্যক্রম গ্রহণও বাধ্যতামূলক করা যায় কি-না, যা ব্যর্থ হলেই শুধু বিচার (ট্রায়াল) প্রক্রিয়া আরম্ভ করা যাবে?

☐ হ্যাঁ ☐ না

১৭। অধস্তন আদালতের মাধ্যমে মধ্যস্থতার অধিকতর ব্যবহারের ক্ষেত্রে জেলা জজ বা সুপ্রীম কোর্টের তদারকি কতটুকু সহায়ক হতে পারে?

☐ সামান্যই ☐ যথেষ্ট

১৮। আদালতের উদ্যোগে গৃহীত মধ্যস্থতায় সাফল্যের ক্ষেত্রে বিচারককে অতিরিক্ত পয়েন্ট প্রদান সংক্রান্ত বিদ্যমান আইনটি সঠিকভাবে প্রয়োগ না হওয়া কি মধ্যস্থতা বিধানের কার্যকারিতার হতাশাব্যঞ্জক অবস্থার একটি কারণ?

☐ হ্যাঁ ☐ না

১৯। আদালতের মাধ্যমে মধ্যস্থতার ব্যবহার বাড়ানোর জন্য বিচারকদের সক্রিয় উদ্যোগ ও ক্ষমতা বৃদ্ধির প্রয়োজন আছে কি-না?

☐ হ্যাঁ ☐ না

২০। আপনি কি মনে করেন যে, আদালতের উদ্যোগে বিকল্প বিরোধ-নিষ্পত্তি পদ্ধতি ছোট-খাট ফৌজদারী মামলার ক্ষেত্রেও প্রয়োগ করা সম্ভব?

☐ হ্যাঁ ☐ না

২১। ফৌজদারী কার্যবিধিতে দেওয়ানী কার্যবিধির ৮৯এ-র অনুরূপ বিধান করে আপোষযোগ্য অপরাধসমূহ মধ্যস্থতায় প্রেরণ করে কি বিকল্প বিরোধ-নিষ্পত্তির লক্ষ্য অর্জন সম্ভব বলে আপনি মনে করেন?

☐ হ্যাঁ ☐ না

২২। আপোষযোগ্য অপরাধ সংক্রান্ত ফৌজদারী কার্যবিধির ৩৪৫ ধারার পরিধি বৃদ্ধি করে আরো অপরাধ অন্তর্ভুক্তকরণ সমর্থন করেন কি?

☐ হ্যাঁ ☐ না

২৩। বিদ্যুত আইন, ১৯১০ (২০০৬ সনের সংশোধনীসহ), বন আইন, ১৯২৭ ও হস্তান্তরযোগ্য দলিল আইন, ১৮৮১ (২০০৬ সনের সংশোধনীসহ) এর অধীন অপরাধসমূহ আপোষযোগ্য করা যায় কি না ?

☐ হ্যাঁ ☐ না

২৪। দন্ড বিধির চুরি, দাঙ্গা-হাঙ্গামা ও বেআইনী সমাবেশ সংক্রান্ত ধারাসমূহের এবং যৌতুক নিরোধ আইন, ১৯৮০ ও নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর কতিপয় বিধানও আপোষযোগ্য করা যায় কি না?

☐ হ্যাঁ ☐ না

গ্রাম আদালত সংক্রান্ত প্রশ্নমালা

২৫। গ্রাম আদালতের কাজ (পারফরমেন্স) সম্পর্কে আপনার মূল্যায়ন কি ?

☐ ভাল ☐ ভাল নয় ☐ মোটামুটি ভাল

২৬। গ্রাম আদালতের দেওয়ানী আর্থিক এখতিয়ার বর্তমানের পঁচিশ হাজার টাকা হতে বৃদ্ধি করার প্রয়োজনীয়তা আছে কি? হলে কত টাকা ?

/

☐ হ্যাঁ ('হ্যাঁ' হলে কত টাকা--------------------) ☐ না

২৭। গ্রাম আদালতে ফৌজদারী মামলায় ক্ষতিপূরণের পাশা পাশি জরিমানা আরোপের বিধান সংযোজন করা প্রয়োজন আছে কি-না?

☐ হ্যাঁ ☐ না

২৮। গ্রাম আদালতে মধ্যস্থতা/আপোষ-মীমাংসার মাধ্যমে মামলা নিস্পত্তি করার বিধান রাখা উচিত বলে আপনি মনে করেন কি ?

☐ হ্যাঁ ☐ না

২৯। গ্রাম আদালতে দেওয়ানী ও ফৌজদারী মামলা নিস্পত্তির ক্ষেত্রে আরও কি কি বিরোধীয় বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে ?

দেওয়ানী	ফৌজদারী
১।	১।
২।	২।
৩।	৩।
৪।	৪।

৩০। গ্রাম আদালতের সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে সহকারী জজ আদালত বা ম্যাজিষ্ট্রেট আদালতে না গিয়ে গ্রাম আদালতেরই উহা কার্যকর করার ক্ষমতা থাকা উচিত বলে আপনি মনে করেন কি-না ?

☐ হ্যাঁ ☐ না

৩১। (ক) গ্রাম আদালতকে অধিকতর কার্যকর করার জন্য নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ পর্যাপ্ত মনে করেন কি ?

১। গ্রাম আদালতের দাপ্তরিক কাজ করার জন্য সার্বক্ষণিক ও স্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগ
২। আদালতের স্থায়ী এজলাস তৈরী করে সপ্তাহে অন্ততঃ একবার বসার বাধ্যবাধকতা সৃষ্টি
৩। আদালত সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় তথ্য ও ধারণা প্রদান ও সচেতনতা সৃষ্টি
৪। আদালত নিয়মিত বসতে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের জবাবদিহিতার ব্যবস্থা রাখা
৫। আদালতের চেয়ারম্যান ও সদস্যদের জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা

☐ হ্যাঁ ☐ না

(খ) আরো কোন পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করবেন কি ?

১।

২।

৩২। গ্রাম আদালতে মামলা পরিচালনার জন্য আইনজীবীর সহায়তা নেয়ার বিধান থাকা উচিত কি?

☐ হ্যাঁ ☐ না

৩৩। এডিআর ও গ্রাম আদালত সম্পর্কে আপনার সাধারণ মন্তব্য (যদি থাকে) ---

----